দৈনিক সংবাদ

২৮/৭/২০০০

তারিখঃ

পৃষ্ঠা ১০ কলাম ৩

# শিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন প্রকল্পের পর্যালোচনা সভা অনুষ্ঠিত

শিক্ষা মন্ত্রণালয়ের ২০০০-২০০১ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় বাস্তবায়িত বিভিন্ন প্রকল্পের অগ্রগতি সংক্রান্ত এক পর্যালোচনা সভা বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়।

শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপদেষ্টা এ এস এম শাহজাহান সভায় সভাপতিত্ব করেন।

সভায় জানানো হয়, ২০০০-২০০১ এডিপিতে শিক্ষা মন্ত্রণালয়ের ৮৮টি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতির হার ছিল শতকরা ৯৬ ভাগ। সভায় সমাপ্ত প্রকল্পের জনবল স্থানান্তর সংক্রান্ত এবং সমাপ্ত প্রকল্পের মেয়াদ বর্ধিতকরণ বিষয়ে আলোচনা হয়।

সভায় উপদেষ্টা এ এস এম শাহজাহান চলতি অর্থবছরের বিভিন্ন প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নে কোন প্রকার শৈথিল্য না করে যথাসময়ে কার্যসূচি বাস্তবায়নের আহ্বান জানান। তিনি প্রকল্পের কার্যক্রম সম্পাদনে যথাযথ গুণগত মান বজায় রাখা এবং স্বচ্ছতা ও নিরপেক্ষতা বজায় রাখার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান।

সভায় শিক্ষা মন্ত্রণালয়ের সচিব মোহাম্মদ শহীদুল আলম, সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তর প্রধান, বিভিন্ন প্রকল্পের পরিচালকগণ এবং শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাগণ সভায় উপস্থিত ছিলেন।